

তারিখঃ ১০ মার্চ, ২০২৪ খ্রি.

বরাবর
উপপরিচালক
জেলা পরিসংখ্যান কার্যালয়
সিরাজগঞ্জ।

বিষয়ঃ পদায়নকৃত কর্মস্থলে 'সহকারী পরিসংখ্যান কর্মকর্তা' পদে যোগদান।

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ১৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের ৫২.০০.০০০০.০০৭.১২.০৭৬ (অংশ-৩).১৯-৮৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্বখাতের 'সহকারী পরিসংখ্যান কর্মকর্তা' পদে পদোন্নতিপ্রাপ্ত হই। তৎপ্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ১৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের ৫২.০১.০০০০.১০১.১২.০০৬.২৪-০৯৫৭ সংখ্যক স্মারক মূলে আমি গত ১৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা'তে রোজ বুধবার পূর্বাঙ্কে 'সহকারী পরিসংখ্যান কর্মকর্তা' পদে যোগদান করি। আমি গত ০৭ মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের ৫২.০১.০০০০.১০১.১২.০০৬.২৪-১১৬৬ সংখ্যক স্মারক মূলে জেলা পরিসংখ্যান অফিস, সিরাজগঞ্জে এ পদায়ন পাই। একই সাথে আমাকে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট এ সংযুক্ত কর্মকর্তা হিসেবে আর্থিক ও প্রশাসনিক দায়িত্ব প্রদান করা হয়। বিধায় ১০ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ রোজ রোববার পূর্বাঙ্কে 'সহকারী পরিসংখ্যান কর্মকর্তা' পদে পদায়নকৃত কর্মস্থল হিসেবে জেলা পরিসংখ্যান অফিস, সিরাজগঞ্জ এ যোগদান করিলাম।

এমতাবস্থায়, আমার যোগদানপত্র গ্রহণে মহোদয়ের সদয় মর্জি হয়।

নিবেদক

স্বাঃ/

১০/০৩/২০২৪

মোঃ মুকচ্ছিদুজ্জামান

সহকারী পরিসংখ্যান কর্মকর্তা (এএসও)

জেলা পরিসংখ্যান কার্যালয়

সিরাজগঞ্জ।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জেলা পরিসংখ্যান কার্যালয়
সিরাজগঞ্জ।
bbs.sirajganj.gov.bd

নং- ৫২.০১.৮৮০০.০০০.৪০.০৮০.২৪ - ৮৮

তারিখঃ ১০ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা।
- ০২। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রংপুর/রাজশাহী।
- ০৩। উপপরিচালক, প্রশাসন/বিনিক/সমন্বয়, এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
- ০৪। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, লালমনিরহাট।
- ০৫। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, সিরাজগঞ্জ।
- ০৬। পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট।
- ০৭। স্টাফ অফিসার, মহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা।
- ০৮। স্টাফ অফিসার, উপমহাপরিচালক এর দপ্তর, বিবিএস, ঢাকা।
- ০৯। আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বিবিএস, ঢাকা।
- ১০। জনাব মোঃ মুকচ্ছিদুজ্জামান, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা, জেলা পরিসংখ্যান কার্যালয়, সিরাজগঞ্জ।
- ১১। অফিস কপি।


14.03.2024

মাহমুদা খাতুন

উপপরিচালক (ভারপ্রাপ্ত)

জেলা পরিসংখ্যান কার্যালয়, সিরাজগঞ্জ

✉ ddsirajganj@gmail.com

☎ ০২৫৮৭৭৫২০৫২